

উপস্থিত :- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

আদেশ নং-৩৮

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ৩১/০১/২০২৩ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদীগণ আরজি তফসিল বর্ণিত নালিশী সম্পত্তি সংক্রান্তে একমাত্র বিবাদীর বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রীর প্রার্থনায় অত্র মামলা আনয়ন করেছেন।

বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২০/১০/২০২০ ইং তারিখের ২৫ নং আদেশমূলে বিবাদীর বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে আবদুল মান্নান P.W.-1 ও হাফেজ আহমদ P.W.-2 হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষে তাহাদের দাবির সমর্থনে দাখিলীয় কাগজাদি প্রদর্শনী-১-৮ হিসাবে চিহ্নিত হয়েছে।

ক্ষ আবদুল মান্নান P.W.-1 ও হাফেজ আহমদ P.W.-2 এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৮) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যেস নালিশী তফসিলোক্ত সম্পত্তিতে বাদীগণের আপাত স্বত্ব ও দখল বিদ্যমান রহিয়াছে।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা একমাত্র বিবাদী পক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

‘এতদ্বারা আরজি বর্নিত ১(ক) তফসিলোল্ড ১০ শতক ভূমি হইতে বাদীপক্ষকে জোরপূর্বক বেদখল করা বা বাদীপক্ষের শান্তিপূর্ণ ভোগ দখলে বাধা-বিঘ্ন সৃষ্টি করা থেকে বিবাদীপক্ষকে চিরস্থায়ী নিষেধাজ্ঞার আদেশ দ্বারা বারিত করা হইল।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,  
পটিয়া, চট্টগ্রাম